রহমান রহীম আল্লাহ্ তায়ালার নামে

রুকু ১

০৭৫-১ আমি শপথ করছি্ রোজ কেয়ামতের,

০৭৫-২ আরও আমি শপথ করছি্ সে নফসের, যে (ত্রুটি বিচ্যুতির জন্যে) নিজেকে ধিক্কার দেয়ঃ

০৭৫-৩ মানুষ কি ধরে নিয়েছে, (সে মরে গেলে) আমি তার অস্থিমজ্জাগুলো আর কখনো একত্রিত করতে পারবো নাঃ

০৭৫-৪ অবশ্যই (আমি তা পারবো), আমি তো বরং তার আংগুলের গিরাগুলোকেও পুনর্বিন্যস্ত করে দিতে পারবো।

০৭৫-৫ এ সত্ত্বেও মানুষ তার সম্মুখের দিনগুলোতে পাপাচারে লিপ্ত হতে চায়,

০৭৫-৬ সে জিজ্ঞেস করে, (তোমার প্রতিশ্রুত) কেয়ামত কবে আসবে?

০৭৫-৭ (তুমি বলো,) যেদিন (সবার) দৃষ্টি ধাঁধাযুক্ত হয়ে যাবে,

০৭৫-৮ (যেদিন) চাঁদ নিস্প্রভ হয়ে যাবে,

০৭৫-৯ (যেদিন) চাঁদ ও সূর্য একাকার হয়ে যাবে,

০৭৫-১০ (সেদিন) মানুষগুলো সব বলে উঠবে (সত্যিই তো! কেয়ামত এসে গেলো), কোথায় আজ পালানোর জায়গা (আমাদের)?

০৭৫-১১ (ঘোষণা আসবে) না, (আজ পালাবার জায়গা নেই,) কোনো আশ্রয়স্থল নেইঃ

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৭৫-১২ (আজ) আশ্রয়স্থল ও ঠাঁই আছে (একটাই এবং তা শুধু) তোমার মালিকের কাছে,

০৭৫-১৩ সেদিন প্রতিটি মানুষকে (খুলে খুলে) জানিয়ে দেয়া হবে, কি (কাজ) নিয়ে সে আজ হাযির হয়েছে, আর কি (কি কাজ) সে পেছনে রেখে এসেছেঃ

০৭৫-১৪ মানুষরা (মূলত) নিজেদের কাজকর্মের ব্যাপারে নিজেরাই সম্যক অবগত,

০৭৫-১৫ যদিও সে নিজের (সপক্ষে) বিভিন্ন অজুহাত পেশ করতে চাইবেঃ

০৭৫-১৬ (ওহীর ব্যাপারে হে নবী) তুমি তাতে তাড়াহুড়ো করার উদ্দেশ্যে তার সাথে তোমার জিহ্বা নাড়িয়ো নাঃ

০৭৫-১৭ এর একত্র করা ও (ঠিকমতো তোমাকে) পড়িয়ে দেয়ার দায়িত্ব আমার ওপর,

০৭৫-১৮ অতএব আমি (জিবরাঈলের মাধ্যমে তোমার কাছে) যখন কোরআন পড়তে থাকি, তখন তুমি সে পড়ার (দিকে মনোযোগ দাও এবং এর) অনুসরণ করার চেষ্টা করো,

০৭৫-১৯ অতঃপর (তোমাকে) এর ব্যাখ্যা বলে দেয়ার দায়িত্বও আমার ওপরঃ

০৭৫-২০ কক্ষনো না, তোমরা পার্থিব জগতকেই বেশী ভালোবাসো

০৭৫-২১ এবং পরকালীন জীবনকে তোমরা উপেক্ষা করো!

০৭৫-২২ সেদিন কিছু সংখ্যক (মানুষের) চেহারা উজজ্বল আলোয় ভরে উঠবে,

০৭৫-২৩ এ (ভাগ্যবান) ব্যক্তিরা তাদের মালিকের দিকে তাকিয়ে থাকবে,

০৭৫-২৪ আবার এদিন কিছু (মানুষের) চেহারা হয়ে যাবে (উদাস ও) বিবর্ণ,

০৭৫-২৫ তারা ভাবতে থাকবে, (এক্ষুণি বুঝি) তাদের সাথে কোমর বিচূর্ণকারী (আযাবের) আচরণ (শুরু) করা হবেঃ

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৭৫-২৬ কখনো নয়, মানুষের প্রাণ (যখন) তার কণ্ঠনালী পর্যন্ত এসে যাবে,

০৭৫-২৭ তাকে বলা হবে, এ (বিপদের) সময় (যাদুটোনা ও) ঝাড় ফুঁক দেয়ার মতো কেউ কি আছে?

০৭৫-২৮ সে (তখন ঠিকমতোই) বুঝে নেবে, (পৃথিবী থেকে এখন) তার বিদায় (নেয়ার পালা),

০৭৫-২৯ (আর এভাবেই) তার (এ জীবনের শেষ) পা (পরের জীবনের প্রথম) পা'র সাথে জড়িয়ে যাবে,

০৭৫-৩০ আর সে দিনটিই হবে তোমার মালিকের দিকে (তার অনন্ত) যাত্রার (প্রথম) সময়!

রুকু ২

০৭৫-৩১ (আসলে) এ (জাহান্নামী) ব্যক্তিটি সত্য স্বীকার করেনি এবং (সত্যের দাবী মোতাবেক) সে নামায প্রতিষ্ঠা করেনি,

০৭৫-৩২ বরং (তার বদলে) সে (সত্যকে) মিথ্যা প্রতিপন্ন করেছে এবং (সত্য থেকে) সে মুখ ফিরিয়ে নিয়েছে,

০৭৫-৩৩ সে অত্যন্ত দম্ভ ও অহমিকাভরে নিজের পরিবার পরিজনের কাছে ফিরে গেলো,

০৭৫-৩৪ (আল্লাহ তায়ালা বলবেন,) হাঁ, (এ পরিণাম ঠিক) তোমাকেই মানায় এবং এটা তোমারই প্রাপ্য।

০৭৫-৩৫ অতঃপর এ আচরণ তোমারই সাজে, (এটা) তোমার জন্যেই মানায়ঃ

০৭৫-৩৬ মানুষ কি ধরে নিয়েছে যে তাকে এমনি (লাগামহীন অবস্থায়) ছেড়ে দিয়ে রাখা হবেঃ

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr

০৭৫-৩৭ সে কি (এক সময়) এক ফোঁটা স্খলিত শুক্রবিন্দুর অংশ ছিলো না,

০৭৫-৩৮ তারপর (এক পর্যায়ে) তা হলো রক্তপিন্ড, অতঃপর আল্লাহ তায়ালা (তাকে দেহ সৃষ্টি করে) সুবিন্যস্ত করলেন,

০৭৫-৩৯ এরপর আল্লাহ তায়ালা সে থেকে নারী পুরুষের জোড়া পয়দা করেছেন।

০৭৫-৪০ এরপরও তোমরা কি মনে করো, আল্লাহ তায়ালা মৃতদের পুনরুজ্জীবিত করতে সক্ষম হবেন না?

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London

Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr